গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০০১.১৭-২০৭

তারিখঃ ২৮ চৈত্র ১৪২৫ / ১১ এপ্রিল ২০১৯

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার আদেশের আলোকে যশোর জেলার কেশবপুর উপজেলাধীন কেশবপুর দারুল মহিলা ফাজিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সহকারি অধ্যাপক (আরবি) জনাব এরফান আহমেদ সিদ্দিকী-কে পূর্ণ বেতন ভাতাদি প্রদান

সূত্র: ১ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং--৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৫৯.১৮-২৭৪, তারিখ: ০৫.০৮.২০১৮ খ্রি.।
২ মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং--৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৫৯.১৮-৫৪৪, তারিখ: ০১.০৩.২০১৮ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব এরফান আহমেদ সিদ্দিকী কর্তৃক গত ০১.১০.৮৯ খ্রি. তারিখে কেশবপুর দারুল উলুম মহিলা ফাজিল মাদ্রাসায় প্রভাষক (আরবি) পদে যোগদান করা হয়। পরবর্তীতে জনাব এরফান আহমেদ সিদ্দিকী সহকারী অধ্যাপক (আরবি) পদে পদোন্নতি পেয়ে গত ০১.০৩.২০০২ খ্রি. তারিখে যোগদান করে অদ্যাবধি কর্মরত আছেন।

০২। মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক বিনা কারণে গত ০১.০৭.২০১৪ খ্রি. তারিখে জনাব এরফান আহমেদ সিদ্দিকীকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। মাদ্রাসা কর্তৃপক্ষ বরাবর একাধিকবার সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার করার জন্য অনুরোধ করা হলেও মাদ্রাসা কর্তৃপক্ষ সাময়িক বরখাস্তাদেশ প্রত্যাহার না করায় জনাব এরফান আহমেদ সিদ্দিকী কর্তৃক মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে গত ০৪.১০.২০১৭ খ্রি. তারিখে আবেদন করা হয়।

০৩। উক্ত আবেদনটির নিষ্পত্তিমূলক কোন জবাব না পাওয়ায় তিনি (জনাব এরফান আহমেদ সিদ্দিকী) কর্তৃক মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১৮০২২/২০১৭ দায়ের করা হয়। মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক উক্ত রিট মামলায় গত ২৩.০১.২০১৮ খ্রি. তারিখে নিম্নরূপ রায়/আদেশ প্রদান করা হয়:

We are not inclined to issue any Rule in this matter at this stage, rather we direct the respondent No. 2 Director General, Madrasha Education Directorate, Red Crescent Borak Tower, Level-03, 37/3/A, Eskaton Guarden road, Ramna, Dhaka-1000 to dispose of the application dated 04.10.2017 (Annexure- "G" to the Wirt Petition) filed by the applicant within 1 (one) month on receipt of this order in accordance with law.

The application is thus disposed of with the direction as made above.

০৪. উক্ত রায়ের আলোকে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সূত্র (২) মূলে কেশবপুর দারুল উলুম মহিলা ফাজিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সহকারি অধ্যাপক (আরবি) এরফান আহমেদ সিদ্দিকীকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী তাঁর বেতন-ভাতাদি (এমপিও) প্রদানের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণক্রমে অধিদপ্তরকে অবহিত করার জন্য বর্ণিত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষকে অনুরোধ করা হয়।

০৫। পরবর্তীতে উক্ত পত্রের নির্দেশনা ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক বাস্তবায়ন না হওয়ায় সাময়িক বরখাস্তকৃত সহকারি অধ্যাপক (আরবি) জনাব এরফান আহমেদ সিদ্দিকী কর্তৃক ০১.০৮.২০১৮ খ্রি. তারিখের আবেদনের প্রেক্ষিতে DME কর্তৃক সূত্র (১) মূলে উর্ধ্বতন কর্তৃপক্ষের সরকারি নির্দেশনা অমান্যের সামিল বিধায় এহেন আচরণের কারণে বেসরকারি প্রতিষ্ঠান (স্কুল, কলেজ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ) এর শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান এবং জনবল কাঠামো সম্পর্কিত নির্দেশিকা এর ১৮ অনুচ্ছেদ অনুযায়ী কেন এমপিও প্রদান বন্ধ করার পদক্ষেপ গ্রহণ করা হবে না; এ মর্মে ১৫.০৫.২০১৮ খ্রি. তারিখের মধ্যে কারণ ব্যাখ্যাসহ ব্যর্থতায় এমপিও বন্ধসহ আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে মর্মে ভারপ্রাপ্ত অধ্যক্ষকে পুনরায় পত্র দেয়া হয়।

০৬। তদুপরি উক্ত পত্রের নির্দেশনা বাস্তবায়ন তথা পূর্ণ বেতন ভাতা (এমপিও) প্রদান না করায় সাময়িক বরখাস্তকৃত সহকারি অধ্যাপক (আরবি) এরফান আহমেদ সিদ্দিকী কর্তৃক DME এর সূত্র (১) ও (২) মূলের নির্দেশনা বাস্তবায়নের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় নির্দেশ প্রদানের জন্য সচিব, TMED, বরাবর আবেদন করা হয়।

০৭। উল্লেখ্য, সাময়িক বরখাস্তকরণের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর আদেশে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছে:

"Accordingly, we declare that in the absence of any law providing otherwise, no person shall be kept under suspension beyond 60 (sixty0 days from the date of his/her suspension.. If the suspension continues for further period, exceeding 60 (sixty) days, then the person suspended shall be entitled to receive full pay, instead of subsistence allowance, till the suspension order/letter ends up in a final order."

০৮. মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানে কোন শিক্ষক/কর্মচারীকে ৬০ (ষাট) দিনের বেশি সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি পূর্ণ বেতন ও অন্যান্য ভাতাসমূহ প্রাপ্য হবেন মর্মে নির্দেশনা জারি করা হয়েছে।

০৯. সাময়িক বরখাস্তকৃত সহকারি অধ্যাপক (আরবি) জনাব এরফান আহমেদ সিদ্দিকী-কে গত ০১.০৭.২০১৪ খ্রি. তারিখে সাময়িক বরখাস্ত করায় তাঁর সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০ (ষাট) দিনের বেশি (ইতোমধ্যে প্রায় ০৫ বছর অতিক্রান্ত) হয়েছে বিধায় তাঁর পদের পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী পাওয়ার আইনগত অধিকারী।

চলমান পৃষ্ঠা

১০। মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুসরণক্রমে সহকারি অধ্যাপক (আরবি) জনাব এরফান আহমেদ সিদ্দিকী-কে বর্ণিত প্রতিষ্ঠানের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রদান না করায় মহামান্য হাইকোর্টের নির্দেশনার সুস্পষ্ট লংঘন। তাছাড়া স্মারক নং-৫৭.০৫.০০০০.০০৫.০৪.০৫৯.১৮.৫৪, তারিখ: ০১.০৩.২০১৮ এবং স্মারক নং-নং-৫৭.০৫.০০০০.০০৫.০৪.০৫৯.১৮.২৭৪, তারিখ: ০৫.০৮.২০১৮ খ্রি. তারিখ মূলে DME কর্তৃক পত্র প্রেরণের পরও ভারপ্রাপ্ত অধ্যক্ষ (মাওলানা মো: মমতাজ উদ্দিন) কর্তৃক কোন পদক্ষেপ গ্রহণ করা হয়নি যা উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ অমান্যের সামিল।

১১। ভারপ্রাপ্ত অধ্যক্ষ (মাওলানা মো: মমতাজ উদ্দিন) এর এহেন আচরণ জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮ অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

১২। এমতাবস্থায়, কেশবপুর দারুল উলুম মহিলা ফাজিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সহকারি অধ্যাপক (আরবি) এরফান আহমেদ সিদ্দিকীকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী DME থেকে সূত্র (১) ও (২) মূলে পত্র প্রেরণের পরও ভারপ্রাপ্ত অধ্যক্ষ (মাওলানা মো: মমতাজ উদ্দিন) কর্তৃক কোন পদক্ষেপ গ্রহণ না করায় জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮ অনুচ্ছেদ অনুযায়ী কেন ভারপ্রাপ্ত অধ্যক্ষের (মাওলানা মো: মমতাজ উদ্দিন) এমপিও প্রদান বন্ধ করার পদক্ষেপ গ্রহণ করা হবে না; এ মর্মে আগামী ২৪.০৪.২০১৯ খ্রি. তারিখের মধ্যে কারণ ব্যাখ্যার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় এমপিও বন্ধসহ আইনানুগ পদক্ষেপ গ্রহণ করা হবে।

২২/০৪/১৯

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন- ৯৫৮৬৫৮৩

মাওলানা মো: মমতাজ উদ্দিন
ভারপ্রাপ্ত অধ্যক্ষ
কেশবপুর দারুল উলুম মহিলা ফাযিল মাদ্রাসা
কেশবপুর, যশোর।

অনুলিপি সদয় অবগিত ও কার্যার্থে:

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় উপমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫। জেলা প্রশাসক, যশোর (আলোচ্য পত্রটি উপরে বর্ণিত অধ্যক্ষের উপর জারীক্রমে জারীর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৬। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর (পত্রটি উপরে বর্ণিত অধ্যক্ষের উপর জারীক্রমে জারীর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৭। জেলা শিক্ষা অফিসার, যশোর (পত্রটি উপরে বর্ণিত অধ্যক্ষের উপর জারীক্রমে জারীর প্রতিবেদন২০.০৪.১৯ খ্রি. তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৮। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১০। অতিরিক্ত সচিব/যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
১১। জনাব মো: এরফান আহমেদ সিদ্দিকী, সাময়িক বরখাস্তকৃত সহকারি অধ্যাপক (আরবি), কেশবপুর দারুল উলুম মহিলা ফাযিল মাদ্রাসা কেশবপুর, যশোর।
১২। অফিস কপি/মাস্টার কপি।